# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ

ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬

**(শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০২৪ সালে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত এবং শ্রেষ্ঠ কলেজ হিসেবে ৮ম বারের মতো "সেনাবাহিনী প্রধান ট্রফি" প্রাপ্ত)**

| EIIN:107855 | College Website: www.acc.edu.bd |
|---|---|

## একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১। ঢাকা শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুসারে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে **বাংলা মাধ্যম** ও **ENGLISH VERSION**-এ ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। আবেদনের যোগ্যতা নিম্নরূপঃ

| বিভাগ | আবেদনের ন্যূনতম জিপিএ (অসামরিক ও অন্যান্য কোটাভুক্ত) | সেনাবাহিনীর কর্মরত, অবসরপ্রাপ্ত, কর্মরত অবস্থায় শহিদ/মৃত ও ঢাকায় কর্মরত MES(Army) এবং প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত সেনা ইউনিটে ঢাকায় কর্মরত অসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান (SQ কোটা) |
|---|---|---|
| বিজ্ঞান (বাংলা ও ইংরেজি ভার্সন) | 5.00 | সংরক্ষিত আসনের মেধাক্রম অনুযায়ী |
| মানবিক (বাংলা মাধ্যম) | 4.25 | |
| ব্যবসায় শিক্ষা (বাংলা ও ইংরেজি ভার্সন) | 4.25 | |

২। <u>আবেদন প্রক্রিয়া</u>: আবেদনকারীকে ঢাকা শিক্ষা বোর্ডের অনলাইন আবেদন পোর্টাল https://xiclassadmission.gov.bd তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুযায়ী বিভিন্ন ধাপ অনুসরণ করে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজে পছন্দক্রম উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

৩। <u>পছন্দক্রম</u>: **আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে পছন্দক্রমের তালিকায় অবশ্যই এ কলেজকে ১ (এক) নম্বরে রাখতে হবে।**

৪। <u>SQ কোটায় আবেদন করার নিয়মাবলি</u>: সেনাবাহিনীর কর্মরত, অবসরপ্রাপ্ত, কর্মরত অবস্থায় শহিদ/মৃত ও ঢাকায় কর্মরত MES(Army) এবং প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত সেনা ইউনিটে ঢাকায় কর্মরত অসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান SQ কোটায় আবেদন করতে পারবে। **কোটার যথার্থতা নিশ্চিত/সমর্থনে নিম্নলিখিত কাগজপত্র আগামী ৩০ জুলাই ২০২৫ (বুধবার) হতে ১১ আগস্ট ২০২৫ (সোমবার) তারিখের মধ্যে** কলেজের পূর্ব গেটে **(সরকারি ছুটির দিন ব্যতীত)** সকাল ৯.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত জমা দেয়া যাবে। **SQ কোটায় আবেদনকৃত শিক্ষার্থীরা উল্লিখিত তারিখের মধ্যে আবেদন করে বর্ণিত নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে কোটার সুবিধা থেকে বঞ্চিত হবে।**

ক। কলেজ পছন্দক্রমের আবেদনের কপি।

খ। প্রতি বিষয়ের নম্বরসহ এসএসসি পাসের অনলাইন নম্বরপত্র ও প্রবেশপত্রের ফটোকপি।

গ। কর্মরত ইউনিট/প্রতিষ্ঠান প্রধান/অধিনায়কের প্রত্যয়নপত্র।

ঘ। অবসরপ্রাপ্ত সেনাবাহিনীর সদস্যদের ক্ষেত্রে সন্তান বিবরণীসহ CORO Certificate (প্রত্যয়নপত্র)/সন্তান বিবরণীসহ Record's Certificate (চাকরি অবসানের প্রত্যয়নপত্র)/অবসরভাতা প্রদান আদেশের (পিপিও) সত্যায়িত কপি/অবসরের পরে জন্মগ্রহণকৃত সন্তানের ক্ষেত্রে জেলা সশস্ত্র বাহিনী বোর্ড হতে সংগৃহীত প্রত্যয়নপত্র।

৫। <u>বোর্ড কর্তৃক আবেদন গ্রহণের সময়সূচি</u>:

| ধাপ | আবেদনের সময়সীমা | ফলাফল প্রকাশ | ভর্তি নিশ্চায়ন |
|---|---|---|---|
| প্রথম | ৩০ জুলাই হতে ১১ আগস্ট ২০২৫ (সোমবার পর্যন্ত) | ২০ আগস্ট ২০২৫ (বুধবার, রাত ৮.০০ টায়) | ফলাফল প্রকাশের পর থেকে ২২ আগস্ট ২০২৫ (শুক্রবার, রাত ৮.০০ টা পর্যন্ত) |
| দ্বিতীয় | ২৩ আগস্ট হতে ২৫ আগস্ট ২০২৫ (সোমবার, রাত ৮.০০ টা পর্যন্ত) | ২৮ আগস্ট ২০২৫ (বৃহস্পতিবার, রাত ৮.০০ টায়) | ২৯ আগস্ট হতে ৩০ আগস্ট ২০২৫ (শনিবার, রাত ৮.০০ টা পর্যন্ত) |
| তৃতীয় | ৩১ আগস্ট হতে ০১ সেপ্টেম্বর ২০২৫ (সোমবার পর্যন্ত) | ০৩ সেপ্টেম্বর ২০২৫ (বুধবার, রাত ৮.০০ টায় | ০৪ সেপ্টেম্বর ২০২৫ (বৃহস্পতিবার, রাত ৮.০০ টা পর্যন্ত) |

৬। <u>নিশ্চায়ন</u>: ফলাফল প্রকাশের পর ভর্তি নিশ্চায়ন না করলে সিলেকশন ও আবেদন বাতিল হয়ে যাবে এবং পুনরায় বোর্ড নির্ধারিত ফিসহ আবেদন করতে হবে।

৭। <u>ভর্তির সময়সীমা</u>: ০৭ সেপ্টেম্বর ২০২৫ (রবিবার) হতে ১৪ সেপ্টেম্বর ২০২৫ (রবিবার) পর্যন্ত।

৮। <u>ভর্তি প্রক্রিয়া</u>: **ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক অত্র কলেজের অনুকূলে মনোনীত শিক্ষার্থীদের www.acc.edu.bd ওয়েবসাইট ব্যবহার করে Online Admission অপশনের মাধ্যমে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

৯। <u>ভর্তি কার্যক্রম</u>: **ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে সম্পন্ন করতে হবে।** এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অন্যান্য নিয়মাবলি কলেজের ওয়েবসাইট **www.acc.edu.bd** ও নোটিশ বোর্ড থেকে জানা যাবে। এছাড়াও নিম্নোক্ত মোবাইল নম্বরসমূহে যোগাযোগের মাধ্যমে আগামী **৩০ জুলাই ২০২৫ (বুধবার) হতে ১৪ সেপ্টেম্বর ২০২৫ (রবিবার)** পর্যন্ত সকাল ৯.০০টা থেকে দুপুর ২.০০টা পর্যন্ত **(সরকারি ছুটির দিন ব্যতীত)** প্রয়োজনীয় তথ্য জানা যাবে। মোবাইল: **০১৭৬৯০৫৯৮৬৭, ০১৭৬৯০৫৯৮৬৮, ০১৭৬৯০৫৯৮৬৯, ০১৭৬৯০৫৯৮৭০, ০১৭৬৯০২৬০৮৪, ০১৭৬৯০৫১৭৬২, ০১৭৬৯০৫৬২২৮, ০১৮১৩৭৬২৮১৫।**

**বিঃদ্রঃ অত্র কলেজে ভর্তি হওয়ার পর শিক্ষার্থীদের নিজস্ব ব্যবস্থাপনায় বাসস্থান ও যাতায়াতের বন্দোবস্ত করতে হবে।**

**অধ্যক্ষ, ব্রিগেডিয়ার জেনারেল এ বি এম নওরোজ এহসান, বিএসপি, বিজিওএম, এনডিসি, পিএসসি**